# আগারগাঁওয়ে ১০০ টাকার মাংস-ভাতের সেই ভাইরাল মিজান গ্রেপ্তার



গ্রেপ্তার ভাইরাল মিজান। ছবি: সংগৃহীত

রাজধানীর আগারগাঁও থেকে সামাজিক যোগাযোগমাধ্যমে পরিচিত 'ভাইরাল মিজান' নামে পরিচিত মিজানুর রহমানকে গ্রেপ্তার করেছে পুলিশ। রোববার (৯ আগস্ট) দুপুরে তাকে আটক করা হয়।

পুলিশ সূত্রে জানা যায়, অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার অভিযানে বাধা দেওয়ার অভিযোগে মিজানুর রহমানের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। আগারগাঁও এলাকায় ফুটপাত ও বিভিন্ন স্থাপনায় অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করতে বিদ্যুৎ বিভাগের একটি দল অভিযান চালাচ্ছিল। এ সময় নির্বাহী ম্যাজিস্ট্রেটসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা মিজানের দোকানের সংযোগ বিচ্ছিন্ন করতে গেলে তিনি তাদের সঙ্গে বাকবিতণ্ডায় জড়ান এবং একপর্যায়ে হামলা করেন বলে দাবি করেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, ওই ঘটনায় সিটি করপোরেশনের কর্মী ও পুলিশের সদস্যরাও আহত হন। পরে মিজানকে আটক করে থানায় নিয়ে যায় পুলিশ।

কাফরুল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সাইফুল ইসলাম জানান, সরকারি কাজে বাধা দেওয়াসহ সংশ্লিষ্ট অভিযোগে মামলা করা হয়েছে। ওই মামলায় তাকে গ্রেপ্তার দেখিয়ে আদালতে পাঠানো হয়েছে।

আগারগাঁওয়ের ফুটপাতে ছোট একটি খাবারের দোকান পরিচালনা করে সামাজিক যোগাযোগমাধ্যমে পরিচিতি পান মিজানুর রহমান। মাত্র ১০০ টাকায় ভাতের সঙ্গে এক পিস গরুর মাংস, ডাল ও আলু পরিবেশনের কারণে তাঁর দোকানটি অনলাইনে ব্যাপক আলোচনায় আসে।

LENS ASIA